

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৫.২৭.০০০৪.২৬.৫৪৭

তারিখ : ০৫ ভাদ্র ১৪৩৩ / ২০ আগস্ট ২০২৬

বিষয় : বিভাগীয় মোকদ্দমা নম্বর ০২/২০২৬-এ প্রথম কারণ দর্শানোর নোটিশ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২(ধ) অনুযায়ী 'সার্ভিস ত্যাগ'-এর অভিযোগে আপনার বিরুদ্ধে ০২/২০২৬ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়েছে।

২। বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ১৭ এ বর্ণিত সারণির ৫ নং ক্রমিক অনুযায়ী 'সার্ভিস ত্যাগ' এর দায়ে আপনাকে কেন 'চাকরি হতে বরখাস্তকরণ' দন্ড প্রদান করা হবে না তৎমর্মে নোটিশ প্রাপ্তির পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিত বক্তব্য দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি নিম্নস্বাক্ষরকারীর নিকট ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে কোনরূপ বক্তব্য পেশ করতে ইচ্ছুক কিনা তাও লিখিত বক্তব্যে উল্লেখ করতে পারেন। নির্ধারিত সময়ে জবাব প্রদানে ব্যর্থ হলে প্রতীয়মান হবে যে, আনীত অভিযোগের বিষয়ে আপনার কোনো বক্তব্য নেই এবং সেক্ষেত্রে একতরফাভাবে কর্তৃপক্ষ অভিযোগ নিষ্পত্তির এখতিয়ার সংরক্ষণ করবেন। আপনার অবগতি ও শুনানীর সময় ব্যবহারের জন্য অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

(লিয়াকত আলী মোল্লা)
সচিব

জনাব আরোবিয়া খানম
সিনিয়র সিভিল জজ, টাঙ্গাইল
(বর্তমানে সংযুক্ত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ-এ বদলির আদেশপ্রাপ্ত)।
স্থায়ী ঠিকানা : গ্রাম : উত্তর খামের, ডাকঘর : খামের, থানা : কাপাসিয়া, জেলা : গাজীপুর।
বর্তমান ঠিকানা : 2001 Holleman Dr W, Apt. 226-C, College Station, TX 77840, USA.

**জ্ঞাতার্থে বিতরণ :**

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৪। গার্ড ফাইল।
৫। অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.০০০.১২৫.২৭.০০০৪.২৫.৫৪৯

তারিখ : ০৫ ভাদ্র ১৪৩৩ / ২০ আগস্ট ২০২৬

বিষয় : জনাব আরোবিয়া খানম (২০১৮২০৮০৪৪), সিনিয়র সিভিল জজ, টাঙ্গাইল (বর্তমানে সংযুক্ত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ-এ বদলির আদেশপ্রাপ্ত)-এর বিরুদ্ধে ০২/২০২৬ নং বিভাগীয় মামলা রুজুকরণ।

## অভিযোগনামা

যেহেতু আপনার অনুকূলে আইন ও বিচার বিভাগ হতে গত ০৯/১২/২০২৪ তারিখের ১০.০০.০০০০.১২৫.০৮.০০৩.২৪.৯৫৫ তারিখের স্মারক পত্রমূলে ২০২৪ সালের ডিসেম্বর মাসে দেওয়ানী আদালত অবকাশীন সময়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে গত ০৫ ডিসেম্বর ২০২৪ হতে ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত পরিবারের সদস্যদের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে যুক্তরাষ্ট্র গমনের জন্য বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। পরবর্তীতে আপনার ৩০ আগস্ট ২০২৫ তারিখ পর্যন্ত বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিত করার আবেদনটি না-মঞ্জুর করা হয় এবং অনুমোদিত ছুটি শেষ হওয়ার পর ৬০ (ষাট) দিনের অধিক সময় অতিবাহিত হলেও অদ্যাবধি আপনি কর্মস্থলে যোগদান করেননি।

যেহেতু আপনার উক্তরূপ কার্যকলাপ ও আচরণ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ৩ (১) (ঙ) [২(ধ) এর সাথে পঠিতব্য] অনুযায়ী 'সার্ভিস ত্যাগ'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু উক্তরূপ কার্যকলাপ ও আচরণের জন্য আপনাকে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ৩ (১) (ঙ) অনুযায়ী 'সার্ভিস ত্যাগ'-এর অভিযোগে অভিযুক্ত করা হলো।

এমতাবস্থায়, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ১৭ এ বর্ণিত সারণীর ৫ নং ক্রমিক অনুযায়ী 'সার্ভিস ত্যাগ'-এর অভিযোগ প্রমাণিত হলে আপনাকে সার্ভিস ত্যাগের জন্য 'চাকরি হতে বরখাস্তকরণ বা অপসারণ' দন্ড প্রদান করা হতে পারে।

২০/৮/২৬

(লিয়াকত আলী মোল্লা)
সচিব

## অভিযোগ বিবরণী

জনাব আরোবিয়া খানম (২০১৮২০৮০৪৪), সিনিয়র সিভিল জজ, টাঙ্গাইল (বর্তমানে সংযুক্ত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ-এ বদলির আদেশপ্রাপ্ত)-এর অনুকূলে আইন ও বিচার বিভাগ হতে গত ০৯/১২/২০২৪ তারিখের ১০.০০.০০০০.১২৫.০৮.০০৩.২৪.৯৫৫ তারিখের স্মারক পত্রমূলে ২০২৪ সালের ডিসেম্বর মাসে দেওয়ানী আদালত অবকাশীন সময়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে গত ০৫ ডিসেম্বর ২০২৪ হতে ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত পরিবারের সদস্যদের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে যুক্তরাষ্ট্র গমনের জন্য বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। পরবর্তীতে তাঁর ৩০ আগস্ট ২০২৫ তারিখ পর্যন্ত বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিত করার আবেদনটি না-মঞ্জুর করা হয় এবং অনুমোদিত ছুটি শেষ হওয়ার পর ৬০ (ষাট) দিনের অধিক সময় অতিবাহিত হলেও অদ্যাবধি তিনি কর্মস্থলে যোগদান করেননি।

২। উক্ত কর্মকর্তার উক্তরূপ কার্যকলাপ ও আচরণ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ৩ (১) (ঙ) [২(ধ) এর সাথে পঠিতব্য] অনুযায়ী 'সার্ভিস ত্যাগ'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

(লিয়াকত আলী মোল্লা) ২০/৫/২৫

সচিব